সংবাদ

তারিখ 19 JAN 2003
পৃষ্ঠা ... কলাম ...

# এসএসসি পরীক্ষার তারিখ ২৭ মার্চ নির্ধারণের প্রস্তাব

নিজস্ব বার্তা পরিবেশক ঃ চলতি বছর এসএসসি পরীক্ষা ২৭শে মার্চ থেকে শুরু করার জন্য ৬টি বোর্ডের পক্ষ থেকে প্রস্তাব দেয়া হয়েছে। বর্তমানে এ কাজটি শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের অপেক্ষায় আছে। আগামী দু'তিন দিনের মধ্যেই প্রস্তাবটি অনুমোদিত হতে পারে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ তথ্য পাওয়া গেছে।

এ ব্যাপারে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যক্ষ আবু জুনায়েদ বলেন, ইউনিয়ন পরিষদ নির্বাচনের কারণে গত বছরের তুলনায় ১৩ দিন পিছিয়ে এসএসসি পরীক্ষার তারিখ

পরীক্ষা ঃ পৃঃ ২ কঃ ৪

## পরীক্ষা ঃ তারিখ

( ১ম পৃষ্ঠার পর )

নির্ধারণ করা হয়েছে। ২৭শে মার্চ থেকে পরীক্ষা শুরুর প্রস্তাবটি এখনও চূড়ান্ত অনুমোদন পায়নি। অনুমোদন পেলেই পরীক্ষার রুটিন প্রকাশ করা হবে।

উল্লেখ্য, গত বছর এসএসসি পরীক্ষা শুরু হয়েছিল ১৪ই মার্চ। সংশ্লিষ্ট একটি সূত্র এ ব্যাপারে জানায়, এ বছর আরও আগে পরীক্ষা শুরু হওয়ার ব্যাপারে নির্দেশ দিয়েছিল শিক্ষা মন্ত্রণালয়; কিন্তু ফরম ফিলাপে বিলম্ব, বিশ্বকাপ ক্রিকেট এবং ইউনিয়ন পরিষদ নির্বাচনের কারণে পরীক্ষার তারিখ কিছুটা পিছিয়ে নির্ধারণ করা হয়।